

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ  
তথ্য ,সংস্কৃতি ও পর্যটন  
খুমলুঙ ,পশ্চিম ত্রিপুরা ।

=====

১৮ মে এডিসির নব নির্বাচিত সদস্যদের শপথ

=====

এডিসি।স-০১

খুমলুঙ, ১৩।৫।২০১০

=====

আগামী ১৮ মে ২০১০ ইং মঙ্গলবার ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের নব নির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ করানো হবে । এ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে এদিন বেলা ১১ টায় এডিসির সদর কার্যালয় খুমলুঙস্থিত পরিষদীয় ভবনে । সংশ্লিষ্ট রিটানিং অফিসার প্রদত্ত বিজয়ী বলে ঘোষিত মূল সাটিফিকেট সঙ্গে নিয়ে উক্ত অনুষ্ঠানে যথা সময়ে উপস্থিত থাকার জন্য পরিষদের মুখ্য নির্বাহী অফিসার নব নির্বাচিত সদস্যদের প্রতি অনুরোধ জানিয়েছেন ।

আগামী ১৯ মে এডিসির অধিবেশন

=====

এডিসি।স-০২

খুমলুঙ, ১৩।৫।২০১০

=====

আগামী ১৯ মে ২০১০ ইং বুধবার ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের অধিবেশন বসছে । এদিন সকাল ১১ টায় খুমলুঙস্থিত পরিষদীয় ভবনে স্বশাসিত জেলা পরিষদের নতুন চেয়ারম্যান ও নতুন মুখ্য নির্বাহী সদস্য নির্বাচন করা হবে । অধিবেশনে এডিসির সমস্ত নব নির্বাচিত সদস্যদের উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়েছে । এক বিজ্ঞপ্তিতে মুখ্য নির্বাহী আধিকারিক শ্রীকুমার আলোক এ সংবাদ জানিয়েছেন ।